

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)



স্মারক নং : মাউশি/সেসিপ/এসপিএসইউ/হি.শা./AFR/২০১৭/ ৮৭৩০


তারিখ: ২১.১২.২০১৭ খ্রি.

বিষয় : রাজস্ব ও উন্নয়ন খাতের ব্যয়ের হিসাব সংরক্ষণের জন্য আলাদা ক্যাশবই, বিল রেজিস্টার ও চেক রেজিস্টার-এর ব্যবস্থাকরণ ও যথাসময়ে হালনাগাদকরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে বিল প্রক্রিয়াকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর ঋণচুক্তির শর্তানুসারে এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) কর্তৃক প্রতি বছর Annual Fiduciary Review (AFR)-সম্পাদন করা হয়। বর্ণিত AFR সম্পাদনের নিমিত্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর অধীন মাধ্যমিক শিক্ষা সংশ্লিষ্ট সংস্থা/দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। সম্পাদিত AFR-সমূহে সরকারি ক্রয় ও আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে গুরুত্বপূর্ণ সুপারিশ করা হয়েছে। তন্মধ্যে রাজস্ব ও উন্নয়ন খাতের ব্যয়ের হিসাব সংরক্ষণের জন্য আলাদা ক্যাশবই, বিল রেজিস্টার ও চেক রেজিস্টার-এর ব্যবস্থাকরণ ও যথাসময়ে হালনাগাদকরণ অন্যতম। উল্লেখ্য সরকারি অর্থ ব্যয়ের হিসাব সঠিকভাবে সংরক্ষণের জন্য আলাদা ক্যাশবই, বিল রেজিস্টার ও চেক রেজিস্টার ব্যবহারের আবশ্যিকতা থাকলেও তা যথাযথভাবে প্রতিপালন না করার ফলে ব্যয়ের হিসাবসমূহ সুষ্ঠুভাবে সংরক্ষণ সম্ভবপর হচ্ছে না। তদুপরি নির্ধারিত সময়ের মধ্যে বিলসমূহ প্রক্রিয়াকরণ না করায় সরকারের আর্থিক ব্যবস্থাপনায় বিশৃঙ্খলা দেখা দেয়, যা সরকার কর্তৃক গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নকে ব্যাহত করে। এপরিপ্রেক্ষিতে উপর্যুক্ত নিয়মসমূহ প্রতিপালনের জন্য AFR রিপোর্টে সুপারিশ করা হয়।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন মাধ্যমিক শিক্ষা সংশ্লিষ্ট দপ্তর/প্রতিষ্ঠানসমূহকে দ্রুততম সময়ের মধ্যে আলাদা ক্যাশবই, বিল রেজিস্টার ও চেক রেজিস্টার-এর ব্যবস্থা ও যথাসময়ে হালনাগাদকরণ এবং নির্ধারিত সময়ের মধ্যে বিল প্রক্রিয়াকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।


(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
প্রোগ্রাম পরিচালক, সেসিপ
ও
মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)।
২. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা)।
৩. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)।
৪. প্রধান শিক্ষক/সুপার/অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল শিক্ষা প্রতিষ্ঠান)।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. Mr. S.M. Ebadur Rahman, Senior Social Sector Officer (Education & Health), ADB-BRM.
৩. পি এ টু প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. পি এ টু যুগ্ম-প্রোগ্রাম পরিচালক, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
৫. সংরক্ষণ নথি।